**শিক্ষা বিষয়ক শাখা**
**বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়**
**ময়মনসিংহ**

**ACADEMIC SECTION**
**BANGLADESH AGRICULTURAL UNIVERSITY**
**MYMENSINGH**

Phone: 091-67401-6/2124, Fax: 880-91-66846, E-mail: aca@bau.edu.bd, Website: www. bau.edu.bd

নং-শা-১/ভ-০১/২৩/৮৯২/শিক্ষা তারিখঃ ০১-১০-২০২৩

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতক (লেভেল-১, সিমেস্টার-১) শ্রেণীতে ভর্তির সুযোগ পাওয়া ছাত্র-ছাত্রীদেরকে -

১. আগামী **৩ থেকে ৮ অক্টোবর ২০২৩** তারিখের মধ্যে বাকৃবি ওয়েবসাইটে প্রয়োজনীয় তথ্য প্রদান করতঃ ভর্তি ফরম, রেজিস্ট্রেশন ফরম, মেডিক্যাল ফরম ডাউনলোড করতে হবে।

২. আগামী **৮, ৯ ও ১০ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে যে কোন দিন** সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টার মধ্যে নিম্নবর্ণিত স্থান সমূহে সশরিরে উপস্থিত থেকে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে ঃ

| রিপোর্টের স্থান | অফিস | কার্যক্রম |
|---|---|---|
| প্রশাসন ভবন সংলগ্ন আমতলা | বাঁধন | ব্লাড গ্রুপিং ও রিপোর্ট প্রদান |
| শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তন | হেল্থ কেয়ার সেন্টার | স্বাস্থ্য পরীক্ষা ও মেডিক্যাল ফরমে স্বাক্ষর প্রদান |
| সৈয়দ নজরুল ইসলাম সম্মেলন কেন্দ্র | ভেটেরিনারি, কৃষি, পশু পালন, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি ও মাৎস্য বিজ্ঞান অনুষদ এবং ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (আইআইএফএস) | মূল কাগজপত্র দেখে ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান |
| টিএসসি কনফারেন্স হল | প্রক্টর | লটারির মাধ্যমে হল বন্টন করে ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান |
| টিএসসি কনফারেন্স হল | সকল হলের প্রভোস্ট | হলে ভর্তি ও ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান |
| শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তন | রেজিস্ট্রার | মূল কাগজপত্র গ্রহণ করে ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান |
| শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তন | ট্রেজারার | পে-স্লিপ প্রদান |
| শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তন | পূবালী ব্যাংক, বিশ্ববিদ্যালয় চত্তর শাখা | একাউন্ট খোলার ফরম প্রদান এবং তা সংগ্রহ করে সঞ্চয়ী হিসাব খোলা |

৩. **ভর্তির সময় প্রার্থীদেরকে -**

I. ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগে আনতে হবে।

II. ডাউনলোডকৃত ভর্তি ফর্মে ডীন, প্রক্টর, প্রভোস্ট মহোদয়ের স্বাক্ষর নিতে হবে। ভর্তি ফরম, রেজিস্ট্রেশন ফরম, মেডিক্যাল ফরম এবং এসএসসি ও এইচএসসি এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, এইচএসসির মূল প্রশংসাপত্র ও এক কপি পাসপোর্ট সাইজের ফটো শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে স্থাপিত অনুষদ ভিত্তিক নির্ধারিত বুথে জমা দিতে হবে।

**সংরক্ষিত আসনের জন্য (উপরোল্লেখিত কাগজপত্র ছাড়াও) -**

i. মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদেরকে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র ভর্তির সময় দেখাতে হবে এবং এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

ii. মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদেরকে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গরমিল থাকলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নত্রের মূল কপি জমা দিতে হবে। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।

iii. পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি জমা দিতে হবে।

৪. পূবালী ব্যাংক, বিশ্ববিদ্যালয় চত্ত্বর শাখায় সঞ্চয়ী হিসাব খোলার জন্য প্রয়োজন হবে ঃ

- প্রার্থীর ৩ (তিন) কপি এবং নমিনির ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ফটো।
- প্রার্থীর NID এর ফটোকপি। প্রার্থীর NID না থাকলে SSC এর Registration Card এবং Birth Certificate এর ফটোকপি।
- নমিনির NID এর ফটোকপি।

❖ **সাধারণ নির্দেশনাঃ**

- ফরম ও স্বাক্ষর কার্ডে সর্বত্র একই স্বাক্ষর প্রদান করতে হবে (পেন্সিলে টিক চিহ্ন দেয়া থাকবে)।
- পেন্সিলে কেটে দেয়া পৃষ্ঠা পূরণ করতে হবে না কিন্তু টিক চিহ্নিত জায়গায় স্বাক্ষর দিতে হবে।
- বর্তমান ঠিকানায় ভর্তিকৃত অনুষদের নাম লিখতে হবে।
- সঠিকভাবে নিজের মোবাইল নম্বর লিখতে হবে। অন্য কারও মোবাইল নম্বর ব্যবহার করা যাবে না।

**৫.** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভর্তি ও আনুষাঙ্গিক ফি **৬,২১৪.০০ (ছয় হাজার দুইশত চৌদ্দ)** টাকা। অনলাইনে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করায় প্রার্থীদেরকে নগদ কোন অর্থ প্রদান করতে হবে না। ফি গুলো নিম্নরূপ ঃ

- ভর্তি ফি ঃ ৫,১০৪.০০ (পাঁচ হাজার একশত চার) টাকা (লেভেল-১, সিমেস্টার-১ এর সিমেস্টার ফি ১২০০/- সহ),
- স্বাস্থ্য পরীক্ষা ফি ঃ ১৩০.০০ (একশত ত্রিশ) টাকা,
- রেজিস্ট্রেশন ফি ঃ ১০০.০০ (একশত) টাকা,
- হল সংক্রান্ত ফি ঃ ৮৮০.০০ (আটশত আশি) টাকা।

**অনলাইনে প্রদানকৃত ১০,০০০/- (দশ হাজার) টাকা থেকে উক্ত ৬,২১৪.০০ (ছয় হাজার দুইশত চৌদ্দ) টাকা কর্তন করে অতিরিক্ত টাকা পরবর্তীতে ছাত্র-ছাত্রীদের ব্যাংক একাউন্টে ফেরত প্রদান করা হবে।**

**৬.** ওরিয়েন্টেশন এবং ক্লাশ শুরুর তারিখ পরবর্তিতে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

**৭. ভর্তি বাতিল সংক্রান্ত তথ্য ঃ**

**i.** প্রদানকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট/প্রশংসাপত্র/মুক্তিযোদ্ধার সনদপত্র/প্রত্যয়নপত্র ভুল প্রমানিত হলে ভর্তি বাতিল হবে।
**ii.** ক্লাশ শুরুর প্রথম ১৫ দিন ক্লাশ না করলে ভর্তি বাতিল হবে।
**iii.** ৬০% ক্লাস উপস্থিতিসহ সকল কোর্সে ক্লাস টেস্ট পরীক্ষায় অংশগ্রহণ না করলে ভর্তি বাতিল হবে।
**iv.** ভর্তি বাতিল হলে বা করলে ভর্তি বাতিল ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে
স্বা/-
রেজিস্ট্রার